**অতি জরুরি**
**বাজেট অগ্রাধিকার**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-১
www.mof.gov.bd

স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০১২.২০২৬-**২৫৪**

তারিখঃ ২৪ কার্তিক ১৪৩৩ / ০৯ নভেম্বর ২০২৬

# বাজেট পরিপত্র

বিষয়ঃ **২০২৬-২৭ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) প্রণয়ন।**

সরকারের অগ্রাধিকার খাতসমূহে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের মাধ্যমে সীমিত সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকল্পে মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতির আওতায় সকল মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের চলতি অর্থবছরের (২০২৬-২৭) বাজেট সুষ্ঠু ও সময়মত বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে সংশোধিত বাজেট প্রণয়ন করা প্রয়োজন। ২০২৬-২৭ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রস্তুতের ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা/পদ্ধতি অনুসরণ করতে হবে:

## ১.১ সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের ক্ষেত্রে অনুসরণীয় সাধারণ নীতিমালা

- চলতি ২০২৬-২৭ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন অবশ্যই মূল বাজেটে প্রদর্শিত মোট ব্যয়সীমার (পরিচালন ও উন্নয়ন) মধ্যে সংকুলানযোগ্য হতে হবে। **কোনভাবেই অতিরিক্ত বরাদ্দ দাবি করা যাবে না;**
- সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নীতি ও উদ্দেশ্য অর্জন এবং নির্বাচনী ইশতেহার বাস্তবায়নের লক্ষ্যে অগ্রাধিকার প্রাপ্ত কার্যক্রম সম্পাদনের প্রয়োজনে চলতি অর্থবছরের (২০২৬-২৭) মূল বাজেটে প্রদর্শিত মোট ব্যয়সীমার মধ্যে সংকুলান সাপেক্ষে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন অপারেশনাল ইউনিট অথবা আইটেম/অর্থনৈতিক কোডের বরাদ্দ হ্রাস/বৃদ্ধি করতে পারবে;
- ২০২৬-২৭ অর্থবছরের সংশোধিত ব্যয়ের প্রাক্কলন প্রণয়নকালে অনুমোদিত মূল বাজেটে প্রদর্শিত মোট **উন্নয়ন ব্যয়ের মধ্যে কোন অর্থ অব্যয়িত থাকবে বলে অনুমিত হলে উক্ত অব্যয়িত অর্থ কোনক্রমেই পরিচালন বাজেটে স্থানান্তর করা যাবে না;**
- অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্র (নং ০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-০৮; তারিখ: ০৮.০৭.২০২৬, ০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-১৬৫; তারিখ: ২১.০৯.২০২৬) অনুযায়ী সরকারি ব্যয় হ্রাসকরণের লক্ষ্যে ২০২৬-২৭ অর্থবছরে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান এবং আওতাধীন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর/স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানিসমূহের সংশোধিত **পরিচালন ও উন্নয়ন বাজেট** প্রাক্কলনের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণ করতে হবেঃ

  (ক) চলতি ২০২৬-২৭ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় নিম্নবর্ণিত অর্থনৈতিক কোডসমূহে বরাদ্দকৃত অর্থ নিম্নোক্তভাবে ব্যয় করা যাবে:

  (১) পরিচালন বাজেটের আওতায় শিক্ষা, স্বাস্থ্য এবং কৃষি মন্ত্রণালয় সংশ্লিষ্ট স্থাপনা ব্যতীত নতুন আবাসিক (৪১১১১০১)/অনাবাসিক (৪১১১২০১)/অন্যান্য ভবন স্থাপনা (৪১১১৩১৭) নির্মাণ বন্ধ থাকবে। তবে চলমান নির্মাণ কাজ ন্যূনতম ৭০ শতাংশ সম্পন্ন হয়ে থাকলে অর্থ বিভাগের অনুমোদনক্রমে ব্যয় নির্বাহ করা যাবে। এছাড়াও, জরুরি প্রয়োজনে উপযুক্ত যৌক্তিকতা প্রদান সাপেক্ষে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ-এর স্থাপনা নির্মাণে অর্থ বিভাগ হতে কেস-টু-কেস অনুমোদনক্রমে ব্যয় নির্বাহ করা যাবে;

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

(২) সকল ধরনের যানবাহন ক্রয় ('৪১১২১০১-মোটরযান', '৪১১২১০২-জলযান', '৪১১২১০৩-আকাশযান') খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় বন্ধ থাকবে। শুধুমাত্র ১০ বছরের অধিক পুরোনো টিওএন্ডইভুক্ত যানবাহন প্রতিস্থাপন এবং নবগঠিত সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে টিওএন্ডইভুক্ত যানবাহন অর্থ বিভাগের অনুমোদনক্রমে ক্রয় করা যাবে। এক্ষেত্রে অ্যাম্বুলেন্স এবং নিরাপত্তা কার্যে ব্যবহারের জন্য মোটরযান ব্যতীত অন্যান্য ক্ষেত্রে প্রতিস্থাপনকৃত বা নতুন ক্রয়কৃত মোটরযান (জীপ/কার) অবশ্যই Full Electric Vehicle (FEV) হতে হবে। তবে, উন্নয়ন বাজেটে ০৮ জুলাই ২০২৬ তারিখের পূর্বে অনুমোদিত প্রকল্পের ক্ষেত্রে এ শর্ত শিথিলযোগ্য;

(৩) '৪১৪১১০১-ভূমি অধিগ্রহণ' খাতে পরিচালন বাজেটে কোনো বরাদ্দ রাখা যাবে না। তবে, উন্নয়ন বাজেটের ক্ষেত্রে অর্থ বিভাগের ২১ সেপ্টেম্বর ২০২৬ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-১৬৫ স্মারক অনুসরণপূর্বক ব্যয় করা যাবে;

(৪) সরকারি কর্মচারীদের গাড়ী ক্রয়ে সুদমুক্ত বিশেষ অগ্রিম (৭২১৫১০৩-সুদমুক্ত ঋণ) কোডে অর্থ বরাদ্দ রাখা যাবে না;

(৫) উন্নয়ন বাজেটের আওতায় পরিকল্পনা কমিশনের অনুকূলে 'বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা' খাতে জিওবি বাবদ সংরক্ষিত বরাদ্দ অর্থ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ সাপেক্ষে ব্যয় করা যাবে।

(খ) চলতি ২০২৬-২৭ অর্থবছরে **পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় সরকারি অর্থায়নে সকল ধরনের বৈদেশিক প্রশিক্ষণ/সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপে অংশগ্রহণ বন্ধ থাকবে**। তবে অত্যাবশ্যকীয় বিবেচনায় সীমিত আকারে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্র (নং ০৮; তারিখ: ০৮.০৭.২০২৬) অনুযায়ী বিদেশ ভ্রমণ/প্রশিক্ষণে বরাদ্দ রাখা যাবে;

(গ) ২০২৬-২৭ অর্থবছরের পরিচালন বাজেটে আপ্যায়ন, সেমিনার ও অনুষ্ঠান/উৎসবাদি অপরিহার্য বিবেচনায় অর্থ বরাদ্দ রাখা যাবে; তবে সেক্ষেত্রে আড়ম্বর পরিহার করে অর্থ ব্যয়ে সাশ্রয়ী হতে হবে।

## ১.২ ২০২৬-২৭ অর্থবছরের রাজস্ব ও মূলধন প্রাপ্তির সংশোধিত প্রাক্কলনের পদ্ধতি

২০২৬-২৭ অর্থবছরের রাজস্ব ও মূলধন প্রাপ্তির সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের জন্য **ফরম-৭** ব্যবহার করতে হবে। এ ক্ষেত্রে সাধারণভাবে বিগত দুই অর্থবছরের (২০২৪-২৫ এবং ২০২৫-২৬) প্রথম ছয় মাসের এবং চলতি অর্থবছরের (২০২৬-২৭) প্রথম ৪ মাসের রাজস্ব আদায়ের ধারা বিবেচনা করতে হবে এবং এর ভিত্তিতে ২০২৬-২৭ অর্থবছরের সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করতে হবে। **ইতোমধ্যে কোন আইটেমের আদায়ের হার বৃদ্ধি করা হয়ে থাকলে পুনর্নির্ধারিত হারে সম্ভাব্য অতিরিক্ত রাজস্ব আদায়ের বিষয়টিও বিবেচনায় রাখতে হবে এবং প্রস্তাবিত প্রাক্কলনে এর প্রতিফলন নিশ্চিত করতে হবে।**

## ১.৩ ২০২৬-২৭ অর্থবছরের পরিচালন ব্যয়ের সংশোধিত প্রাক্কলনের পদ্ধতি

পরিচালন ব্যয়ের ২০২৬-২৭ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের জন্য সাধারণ/বিশেষ কার্যক্রমের **ফরম-৮ (ক-১)** এবং সহায়তা/স্থানীয় সরকারসমূহে স্থানান্তর কার্যক্রমের জন্য **ফরম-৮(ক-২)** ব্যবহার করতে হবে। এ ক্ষেত্রে নিম্নোক্ত দিকনির্দেশনা অনুসরণ করতে হবে:

- সাধারণভাবে বিগত দুই অর্থবছরের (২০২৪-২৫ এবং ২০২৫-২৬) প্রথম ছয় মাসের এবং চলতি অর্থবছরের (২০২৬-২৭) প্রথম ৪ মাসের প্রকৃত ব্যয়ের ধারা (Actual Expenditure Trend) বিবেচনা করতে হবে এবং তার ভিত্তিতে ২০২৬-২৭ অর্থবছরের সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করতে হবে;
- বেতন-ভাতা খাতে সংশোধিত বাজেট প্রাক্কলনে জাতীয় বেতনস্কেল, ২০২৬ অনুসরণ করতে হবে। এক্ষেত্রে ২০২৬-২৭ অর্থবছরের অক্টোবর মাসের প্রকৃত ব্যয় বিবেচনা করা যেতে পারে। এরূপ প্রাক্কলন তৈরির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তার দপ্তরের তথ্য/উপাত্ত পর্যালোচনা ও সংগতিসাধনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে;
- চলতি অর্থবছরে (২০২৬-২৭) অর্থ বিভাগের বাজেটের অধীন 'অপ্রত্যাশিত ব্যয় ব্যবস্থাপনা' খাত থেকে কোন অর্থ বরাদ্দ করা হয়ে থাকলে সংশোধিত বাজেটে এর প্রতিফলন নিশ্চিত করতে হবে;

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

- অর্থ বিভাগের অনুমোদনক্রমে অথবা মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অর্পিত ক্ষমতাবলে কোন অর্থ পুনঃউপযোজন করা হয়ে থাকলে সংশোধিত বাজেটে সংশ্লিষ্ট কোডে পুনঃউপযোজনকৃত অর্থের প্রতিফলন নিশ্চিত করতে হবে;

- অর্থ বিভাগের অনুমোদনক্রমে ইতোমধ্যে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অনুকূলে 'সমাপ্ত উন্নয়ন প্রকল্পের থোক' হতে কোন আইটেম/অর্থনৈতিক কোডে বরাদ্দ করা হয়ে থাকলে সংশোধিত বাজেটে সংশ্লিষ্ট কোডে এর প্রতিফলন নিশ্চিত করতে হবে।

## ১.৪ উন্নয়ন বাজেট হতে অর্থায়নকৃত বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত স্কিমের সংশোধিত প্রাক্কলনের পদ্ধতি

উন্নয়ন বাজেট হতে অর্থায়নকৃত স্কিমের ২০২৬-২৭ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের জন্য **ফরম-৮(খ-১/২)** ব্যবহার করতে হবে। চলতি অর্থবছরের বাজেটে অন্তর্ভুক্ত চলমান স্কিম এবং ইতোমধ্যে নতুন কোন স্কিম অনুমোদিত হয়ে থাকলে অনুমোদিত নতুন স্কিমের জন্য অর্থ বরাদ্দের প্রস্তাব প্রাক্কলনে অন্তর্ভুক্ত করতে হবে। অননুমোদিত কোন স্কিমের জন্য অর্থ বরাদ্দের প্রস্তাব করা যাবে না। স্কিমের সকল ব্যয় অবশ্যই বিস্তারিত অর্থনৈতিক কোড অনুযায়ী প্রদর্শন করতে হবে। অনুমোদিত স্কিমের ক্ষেত্রে অনুমোদিত মোট ব্যয়সীমা যাতে অতিক্রান্ত না হয় এর প্রতি লক্ষ্য রাখতে হবে।

## ১.৫ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের পদ্ধতি

২০২৬-২৭ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাজেট প্রণয়নের জন্য **ফরম-৮(খ-১) এবং ফরম-৮(খ-২)** (স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ/রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহের প্রকল্পের ক্ষেত্রে) যথাযথভাবে পূরণ করতে হবে। এক্ষেত্রে নিম্নবর্ণিত দিকনির্দেশনা অনুসরণ করতে হবে:

- বৈদেশিক ঋণ/অনুদানে বাস্তবায়নাধীন প্রকল্পের ক্ষেত্রে পিএল/জি অংশে সম্পূর্ণ ব্যয় করা যাবে এবং সেক্ষেত্রে জিওবি অংশে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখতে হবে;
- সংশোধিত এডিপিতে প্রকল্প সংখ্যা সীমিত রাখতে হবে। সরকারের অগ্রাধিকার প্রকল্প অন্তর্ভুক্ত করার জন্য সরকারের কৌশলগত লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ এবং নির্বাচনী ইশতেহারের আলোকে অগ্রাধিকার ঠিক করে প্রয়োজনে অন্যান্য কম গুরুত্বপূর্ণ প্রকল্প বাদ দিতে হবে। আরএডিপি'র মূল অংশে বরাদ্দবিহীনভাবে কোন প্রকল্প রাখা যাবে না;
- একই সংস্থার আওতায় বাস্তবায়িতব্য একই উদ্দেশ্য/প্রকৃতির একাধিক ক্ষুদ্র প্রকল্প প্রস্তাব পৃথকভাবে প্রণয়ন না করে একত্রে একটি প্রকল্পের (গুচ্ছ প্রকল্প) আওতায় প্রস্তাব করা যথাযথ হবে। সংশোধিত এডিপিতে দারিদ্র বিমোচনে সহায়ক ও মানবসম্পদ উন্নয়নের সাথে সম্পৃক্ত খাতসমূহকে গুরুত্ব দিতে হবে;
- ২০২৬-২৭ অর্থবছরের এডিপি বরাদ্দ বহির্ভূত যেসব প্রকল্প ইতোমধ্যে অনুমোদিত ও বরাদ্দপ্রাপ্ত হয়েছে সেসব প্রকল্প আরএডিপিতে বরাদ্দসহ অন্তর্ভুক্ত করতে হবে;
- ২০২৬-২৭ অর্থবছরের এডিপি-তে যেসকল প্রকল্প/প্রকল্পসমূহে আন্তঃসমন্বয় করা হয়েছে আরএডিপি-তে তার যথাযথ প্রতিফলন নিশ্চিত করতে হবে;
- বৈদেশিক ঋণ/অনুদানে বাস্তবায়নাধীন প্রকল্প, নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে গৃহীত প্রকল্প মানব উন্নয়ন, কৃষি, বিদ্যুৎ উৎপাদন, কৃষিভিত্তিক শিল্প, পরিবেশ ও জলবায়ু, প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা ও পুনর্বাসন সম্পর্কিত প্রকল্প এবং ২০২৬-২৭ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পকে অগ্রাধিকার দিতে হবে। বৈদেশিক ঋণ/অনুদান চুক্তি সম্পাদিত হয়েছে এমন সব প্রকল্প সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্তির ক্ষেত্রে অগ্রাধিকার প্রদানের বিষয়টি বিবেচনা করতে হবে;
- 'যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত' অথবা 'এসপিইসি কর্তৃক অনুমোদনের জন্য সুপারিশকৃত' এবং 'বৈদেশিক ঋণ/অনুদান চুক্তি সম্পাদিত অথবা বৈদেশিক ঋণ/অনুদান প্রাপ্তির সুনিশ্চিত অঙ্গীকারপ্রাপ্ত' প্রকল্প ব্যতীত কোন অননুমোদিত কারিগরি সহায়তা প্রকল্প সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না;
- ২০২৬-২৭ অর্থবছরের সংশোধিত এডিপিতে এলাকা/অঞ্চলভিত্তিক সুষম উন্নয়নের লক্ষ্যে গৃহীত প্রকল্পসমূহের বরাদ্দ প্রদান নিশ্চিত করতে হবে;

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

- চলতি প্রকল্পসমূহের অনুমোদিত প্রকল্প দলিলে উল্লিখিত প্রাক্কলিত ব্যয় এবং এ পর্যন্ত ক্রমপুঞ্জীভূত ব্যয়ের ভিত্তিতে যুক্তিসঙ্গত ও সম্ভাব্য ব্যয় বিবেচনায় সংশোধিত এডিপিতে অর্থ বরাদ্দের প্রস্তাব করতে হবে। প্রকল্প ঋণ/অনুদান বরাদ্দের ক্ষেত্রে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক নির্ধারিত বরাদ্দ চূড়ান্ত বলে গণ্য করা হবে;
- বৈদেশিক ঋণ/অনুদানে ('ঋণ/অনুদান স্বাক্ষরিত'/'ঋণ/অনুদান প্রাপ্তি সুনিশ্চিত') গৃহিত প্রকল্পের ক্ষেত্রে ২০২৬-২৭ অর্থবছরে প্রাপ্য বৈদেশিক ঋণ/অনুদান ব্যবহারের নিমিত্ত পরিপূরক স্থানীয় মুদ্রা বরাদ্দের (Matching Taka Cover) দাবি/প্রস্তাবকে অগ্রাধিকার দিতে হবে;
- চলমান উন্নয়ন প্রকল্প নির্ধারিত সময়ে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় স্থানীয় মুদ্রার বরাদ্দ নিশ্চিতকরণ সাপেক্ষেই শুধু অপরিহার্য নতুন প্রকল্পের জন্য স্থানীয় মুদ্রার বরাদ্দ প্রস্তাব করতে হবে;
- ধীর গতিসম্পন্ন প্রকল্প হতে বরাদ্দ হ্রাস করে দ্রুত বাস্তবায়নযোগ্য গুরুত্বপূর্ণ প্রকল্পে প্রয়োজন অনুযায়ী বরাদ্দ প্রদান করতে হবে;
- **সরকারের আমদানি শুল্ক ও মূল্য সংযোজন করের (CD/VAT) হার এবং আমদানি পণ্য মূল্যের নির্ধারিত বিনিময় হার অনুযায়ী CD/VAT বাবদ প্রয়োজনীয় বরাদ্দের সংস্থান পৃথকভাবে না রেখে বরং যেসমস্ত মূলধনী ক্রয়ের জন্য মূলধন খাতে অর্থ বরাদ্দ রাখা হয়েছে সেসমস্ত মূলধনী ক্রয়ের অর্থনৈতিক কোডেই CD/VAT বাবদ অর্থ বরাদ্দ রাখতে হবে।**

## ২.০ বাজেট প্রাক্কলনের সঙ্গে প্রদেয় অন্যান্য তথ্য/কাগজপত্র

বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণসমূহ প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগসমূহের বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক বিস্তারিতভাবে পরীক্ষা ও অনুমোদনপূর্বক অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। **বাজেট ব্যবস্থাপনা কমিটি** কর্তৃক নিশ্চিত করতে হবে যে, বাজেট প্রাক্কলনসমূহ এ পরিপত্রে বর্ণিত নীতিমালা/পদ্ধতি যথাযথভাবে অনুসরণের মাধ্যমে প্রস্তুত করা হয়েছে। প্রস্তাবিত প্রাক্কলনের সঙ্গে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী অবশ্যই সংযুক্ত করতে হবে।

## ৩.০ বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP) সংশোধন

প্রাক্কলিত সংশোধিত বাজেটের কর্তৃত্ব জারি হওয়ার পর ২০২৬-২৭ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন)-এর সাথে সামঞ্জস্য রেখে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্রে (স্মারক নং ০৭.১০১.০২০.০০.০০.০১৩.২০২৫-৬৪৪, তারিখ: ২০ এপ্রিল ২০২৬) অনুসরণীয় পদ্ধতি ও নীতিমালা অনুসারে রাজস্ব আহরণ, ব্যয় পরিকল্পনা ও বার্ষিক ক্রয় পরিকল্পনা হালনাগাদ করতে হবে। হালনাগাদকরণের সময়সীমা যথাসময়ে জানানো হবে।

## ৪.০ স্পষ্টীকরণ

সংশোধিত বাজেট পরিপত্রে প্রদত্ত নীতিমালা/দিকনির্দেশনার বিষয়ে কোন স্পষ্টীকরণ বা ব্যাখ্যার প্রয়োজন হলে অর্থ বিভাগের সংশ্লিষ্ট বাজেট কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করা যেতে পারে। বাজেট কর্মকর্তাগণের নাম ও ফোন নম্বর **পরিশিষ্ট-১** এ দেয়া হলো।

## ৫.০ বাজেট প্রাক্কলন দাখিল করার সময়সীমা

চলতি ২০২৬-২৭ অর্থবছরের পরিচালন বাজেটের সংশোধিত প্রাক্কলনসহ সংশোধিত নন-এডিপি স্কিমসমূহের প্রাক্কলনসমূহ আগামী ২৬ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১/২ এবং সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি/প্রকল্পসমূহের প্রাক্কলনসমূহ অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১/২, পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ ও সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে এক প্রস্থ করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

**(ড. জিয়াউল আবেদীন)**
অতিরিক্ত সচিব (বাজেট-১)
ফোনঃ ৯৫১১০৫০
ই-মেইলঃ ziaula@finance.gov.bd

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৩. সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা
৯. সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
১১. সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেল ভবন, আবদুল গণি রোড, ঢাকা
১২. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৪. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৫. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
১৬. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৭. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৮. সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, মহাখালী, ঢাকা
১৯. পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
২০. সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা
২১. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২২. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
২৩. সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
২৪. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৫. সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৬. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৭. সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৮. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৯. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
৩০. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩১. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩২. সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
৩৩. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৪. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৫. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৬. সচিব, মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৭. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন, ঢাকা
৩৮. সচিব, জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
৩৯. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪০. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪১. সচিব, নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪২. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৩. সচিব, নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৪. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ১৪/ওয়াই, শেরে বাংলা নগর, ঢাকা
৪৫. সচিব, সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
৪৬. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৭. সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

৪৮. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৯. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫০. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫২. সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৩. সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৪. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৫৫. ভারপ্রাপ্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৬. ভারপ্রাপ্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৭. ভারপ্রাপ্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৮. ভারপ্রাপ্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহণ পুল, বাংলাদেশ সচিবালয় লিংক রোড, ঢাকা
৫৯. সামরিক সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬০. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা
৬১. রেজিষ্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
৬২. অতিরিক্ত সচিব (প্রশাসন ও পরিকল্পনা), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০১২.২০২৬-**২৫৪**

তারিখঃ ২৪ কার্তিক ১৪৩৩ / ০৯ নভেম্বর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

১. যুগ্মসচিব (বাজেট অধিশাখা-১/২/৩/৪/৫/৬/৭/৮), বাজেট অনুবিভাগ-১/২, অর্থ বিভাগ
২. যুগ্মসচিব/উপসচিব/সিনিয়র সহকারী সচিব (সকল), বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ
৩. যুগ্মসচিব/উপসচিব/সিনিয়র সহকারী সচিব (সকল), বাজেট অনুবিভাগ-২, অর্থ বিভাগ
৪. সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ
৫. অতিরিক্ত সচিব (বাজেট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ
৬. অতিরিক্ত সচিব (বাজেট-১ অনুবিভাগ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ
৭. যুগ্মসচিব (বাজেট-২ অনুবিভাগ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ

৯/১১/২০২৬

**(শিহাব উদ্দিন আহমদ)**
উপসচিব
ফোনঃ ৯৫১৪১৪৬

**পরিশিষ্ট-১**

# অর্থ বিভাগের বাজেট সংশ্লিষ্ট কর্মকর্তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর

| ক্রমিক নং | মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান | বাজেট সংশ্লিষ্ট কর্মকর্তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর | |
|---|---|---|---|
| ১. | অর্থ বিভাগ | জনাব শিহাব উদ্দিন আহমদ<br>উপসচিব (বাজেট-১)<br>ফোনঃ ৯৫১৪১৪৬ | জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-১)<br>ফোনঃ ২২৩৩৫৬০৪৩ |
| ২. | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | জনাব শিহাব উদ্দিন আহমদ<br>উপসচিব (বাজেট-১)<br>ফোনঃ ৯৫১৪১৪৬ | জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-১)<br>ফোনঃ ২২৩৩৫৬০৪৩ |
| ৩. | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | জনাব শিহাব উদ্দিন আহমদ<br>উপসচিব (বাজেট-১)<br>ফোনঃ ৯৫১৪১৪৬ | জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-১)<br>ফোনঃ ২২৩৩৫৬০৪৩ |
| ৪. | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | জনাব মোঃ আনিছুর রহমান বালী<br>সিনিয়র সহকারী সচিব (বাজেট-২)<br>ফোনঃ ৯৫১৪১৪৬ | জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-১)<br>ফোনঃ ২২৩৩৫৬০৪৩ |
| ৫. | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | জনাব মোঃ আনিছুর রহমান বালী<br>সিনিয়র সহকারী সচিব (বাজেট-২)<br>ফোনঃ ৯৫১৪১৪৬ | জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-১)<br>ফোনঃ ২২৩৩৫৬০৪৩ |
| ৬. | সরকারি কর্মকমিশন সচিবালয় | জনাব মোঃ আনিছুর রহমান বালী<br>সিনিয়র সহকারী সচিব (বাজেট-২)<br>ফোনঃ ৯৫১৪১৪৬ | জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-১)<br>ফোনঃ ২২৩৩৫৬০৪৩ |
| ৭. | খাদ্য মন্ত্রণালয় | জনাব মোঃ আনিছুর রহমান বালী<br>সিনিয়র সহকারী সচিব (বাজেট-৩)<br>ফোনঃ ২২২৩৩১৮৬ | জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-১)<br>ফোনঃ ২২৩৩৫৬০৪৩ |
| ৮. | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | জনাব মোঃ আনিছুর রহমান বালী<br>সিনিয়র সহকারী সচিব (বাজেট-৩)<br>ফোনঃ ২২২৩৩১৮৬ | জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-১)<br>ফোনঃ ২২৩৩৫৬০৪৩ |
| ৯. | রাষ্ট্রপতির কার্যালয় | সৈয়দ আলী বিন হাসান<br>উপসচিব (বাজেট-৪)<br>ফোনঃ ২২৩৩৫৪০১৩ | বেগম রওনক জাহান<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ১০. | নির্বাচন কমিশন সচিবালয় | সৈয়দ আলী বিন হাসান<br>উপসচিব (বাজেট-৪)<br>ফোনঃ ২২৩৩৫৪০১৩ | বেগম রওনক জাহান<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ১১. | স্বাস্থ্যসেবা বিভাগ | সৈয়দ আলী বিন হাসান<br>উপসচিব (বাজেট-৪)<br>ফোনঃ ২২৩৩৫৪০১৩ | বেগম রওনক জাহান<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ১২. | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | সৈয়দ আলী বিন হাসান<br>উপসচিব (বাজেট-৪)<br>ফোনঃ ২২৩৩৫৪০১৩ | বেগম রওনক জাহান<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ১৩. | প্রধানমন্ত্রীর কার্যালয় | জনাব শাহিন রেজা<br>উপসচিব (বাজেট-৫)<br>ফোনঃ ৯৫৪০২৮৬ | বেগম রওনক জাহান<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ১৪. | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | জনাব শাহিন রেজা<br>উপসচিব (বাজেট-৫)<br>ফোনঃ ৯৫৪০২৮৬ | বেগম রওনক জাহান<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ১৫. | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | বেগম নাহিদ সুলাতানা<br>উপসচিব (বাজেট-৬)<br>ফোনঃ ২২৩৩৫৬০৩৮ | বেগম রওনক জাহান<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ১৬. | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | বেগম নাহিদ সুলাতানা<br>উপসচিব (বাজেট-৬)<br>ফোনঃ ২২৩৩৫৬০৩৮ | রওনক জাহান<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ১৭. | প্রতিরক্ষা মন্ত্রণালয় | জনাব মোহাম্মদ রাসেলুল কাদের<br>উপসচিব (বাজেট-৭)<br>ফোনঃ ২২৩৩৮০৩০৮ | বেগম রওনক জাহান<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ১৮. | সশস্ত্র বাহিনী বিভাগ | জনাব মোহাম্মদ রাসেলুল কাদের<br>উপসচিব (বাজেট-৭)<br>ফোনঃ ২২৩৩৮০৩০৮ | বেগম রওনক জাহান<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-২)<br>ফোনঃ ২২২৩৩৫৬০৪৪ |
| ১৯. | পররাষ্ট্র মন্ত্রণালয় | জনাব আবদুল মন্নান<br>উপসচিব (বাজেট-৮)<br>ফোনঃ ২২২৩৩৫৩৬৫৫ | জনাব আবুল বাশার মুহাম্মদ আমীর উদ্দিন<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৩)<br>ফোনঃ ২২২৩৩৫৪০০৫ |

| ক্রমিক নং | মন্ত্রণালয়/বিভাগ | বাজেট সংশ্লিষ্ট কর্মকর্তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর | |
|---|---|---|---|
| ২০. | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | জনাব আবদুল মন্নান<br>উপসচিব (বাজেট-৮)<br>ফোনঃ ২২২৩৩৫৩৬৫৫ | জনাব আবুল বাশার মুহাম্মদ আমীর উদ্দিন<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৩)<br>ফোনঃ ২২২৩৩৫৪০০৫ |
| ২১. | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | জনাব আবদুল মন্নান<br>উপসচিব (বাজেট-৮)<br>ফোনঃ ২২২৩৩৫৩৬৫৫ | জনাব আবুল বাশার মুহাম্মদ আমীর উদ্দিন<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৩)<br>ফোনঃ ২২২৩৩৫৪০০৫ |
| ২২. | সমাজ কল্যাণ মন্ত্রণালয় | জনাব মোঃ রাজিবুল আহসান<br>যুগ্মসচিব (বাজেট-৯)<br>ফোনঃ ২২৩৩৮৮৫৮৮ | জনাব আবুল বাশার মুহাম্মদ আমীর উদ্দিন<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৩)<br>ফোনঃ ২২২৩৩৫৪০০৫ |
| ২৩. | নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | জনাব মোঃ রাজিবুল আহসান<br>যুগ্মসচিব (বাজেট-৯)<br>ফোনঃ ২২৩৩৮৮৫৮৮ | জনাব আবুল বাশার মুহাম্মদ আমীর উদ্দিন<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৩)<br>ফোনঃ ২২২৩৩৫৪০০৫ |
| ২৪. | মন্ত্রিপরিষদ বিভাগ | ড. মোছা: শিরিন সবনম<br>যুগ্মসচিব (বাজেট-১০)<br>ফোনঃ ২২৩৩৫৬০৩০ | জনাব আবুল বাশার মুহাম্মদ আমীর উদ্দিন<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৩)<br>ফোনঃ ২২২৩৩৫৪০০৫ |
| ২৫. | দুর্নীতি দমন কমিশন | ড. মোছা: শিরিন সবনম<br>যুগ্মসচিব (বাজেট-১০)<br>ফোনঃ ২২৩৩৫৬০৩০ | জনাব আবুল বাশার মুহাম্মদ আমীর উদ্দিন<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৩)<br>ফোনঃ ২২২৩৩৫৪০০৫ |
| ২৬. | জনপ্রশাসন মন্ত্রণালয় | ড. মোছা: শিরিন সবনম<br>যুগ্মসচিব (বাজেট-১০)<br>ফোনঃ ২২৩৩৫৬০৩০ | জনাব আবুল বাশার মুহাম্মদ আমীর উদ্দিন<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৩)<br>ফোনঃ ২২২৩৩৫৪০০৫ |
| ২৭. | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | জনাব জাকির হোসেন<br>উপসচিব (বাজেট-১১)<br>ফোন: ২২২৩৩৫৪০১৬ | জনাব মহম্মদ রবিউল ইসলাম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৪)<br>ফোনঃ ৯৫১৪৪১৬ |
| ২৮. | জাতীয় সংসদ সচিবালয় | জনাব জাকির হোসেন<br>উপসচিব (বাজেট-১১)<br>ফোন: ২২২৩৩৫৪০১৬ | জনাব মহম্মদ রবিউল ইসলাম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৪)<br>ফোনঃ ৯৫১৪৪১৬ |
| ২৯. | বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয় | জনাব জাকির হোসেন<br>উপসচিব (বাজেট-১১)<br>ফোন: ২২২৩৩৫৪০১৬ | জনাব মহম্মদ রবিউল ইসলাম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৪)<br>ফোনঃ ৯৫১৪৪১৬ |
| ৩০. | আইন ও বিচার বিভাগ | মিজ্ রীভা চাকমা<br>উপসচিব (বাজেট-১২)<br>ফোনঃ ৯৫৪০২৮৪ | জনাব মহম্মদ রবিউল ইসলাম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৪)<br>ফোনঃ ৯৫১৪৪১৬ |
| ৩১. | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | মিজ্ রীভা চাকমা<br>উপসচিব (বাজেট-১২)<br>ফোনঃ ৯৫৪০২৮৪ | জনাব মহম্মদ রবিউল ইসলাম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৪)<br>ফোনঃ ৯৫১৪৪১৬ |
| ৩২. | সুপ্রীম কোর্ট | মিজ্ রীভা চাকমা<br>উপসচিব (বাজেট-১২)<br>ফোনঃ ৯৫৪০২৮৪ | জনাব মহম্মদ রবিউল ইসলাম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৪)<br>ফোনঃ ৯৫১৪৪১৬ |
| ৩৩. | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | জনাব জাকির হোসেন<br>উপসচিব (বাজেট-১৩)<br>ফোনঃ ৯৫৪০২৮৭ | জনাব মহম্মদ রবিউল ইসলাম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৪)<br>ফোনঃ ৯৫১৪৪১৬ |
| ৩৪. | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | জনাব জাকির হোসেন<br>উপসচিব (বাজেট-১৩)<br>ফোনঃ ৯৫৪০২৮৭ | জনাব মহম্মদ রবিউল ইসলাম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৪)<br>ফোনঃ ৯৫১৪৪১৬ |
| ৩৫. | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | জনাব জাকির হোসেন<br>উপসচিব (বাজেট-১৩)<br>ফোনঃ ৯৫৪০২৮৭ | জনাব মহম্মদ রবিউল ইসলাম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৪)<br>ফোনঃ ৯৫১৪৪১৬ |
| ৩৬. | স্থানীয় সরকার বিভাগ | সৈয়দ আশরাফুজ্জামান<br>উপসচিব (বাজেট-১৪)<br>ফোনঃ ২২৩৩৮৭২০৩ | জনাব মোঃ তারিকুল ইসলাম খান<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৫)<br>ফোনঃ ৯৫১৪৪৬১ |
| ৩৭. | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | জনাব মোঃ সফিউল আলম<br>উপসচিব (বাজেট-১৫)<br>ফোনঃ ২২৩৩৫৬০৩৩ | জনাব মোঃ তারিকুল ইসলাম খান<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৫)<br>ফোনঃ ৯৫১৪৪৬১ |
| ৩৮. | বাণিজ্য মন্ত্রণালয় | জনাব মোঃ সফিউল আলম<br>উপসচিব (বাজেট-১৫)<br>ফোনঃ ২২৩৩৫৬০৩৩ | জনাব মোঃ তারিকুল ইসলাম খান<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৫)<br>ফোনঃ ৯৫১৪৪৬১ |

| ক্রমিক নং | মন্ত্রণালয়/বিভাগ | বাজেট সংশ্লিষ্ট কর্মকর্তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর | |
|---|---|---|---|
| ৩৯. | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | বেগম রওশন আরা লাবনী<br>উপসচিব (বাজেট-১৬)<br>ফোনঃ ২২২৩৩৮৫৪৯৬ | জনাব মোঃ তারিকুল ইসলাম খান<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৫)<br>ফোনঃ ৯৫১৪৪৬১ |
| ৪০. | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | বেগম রওশন আরা লাবনী<br>উপসচিব (বাজেট-১৬)<br>ফোনঃ ২২২৩৩৮৫৪৯৬ | জনাব মোঃ তারিকুল ইসলাম খান<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৫)<br>ফোনঃ ৯৫১৪৪৬১ |
| ৪১. | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | বেগম সাজিয়া আফরোজ<br>সিনিয়র সহকারী সচিব (বাজেট-১৭)<br>ফোনঃ ২২২৩৩৫৪৩০৬ | জনাব মোঃ তারিকুল ইসলাম খান<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৫)<br>ফোনঃ ৯৫১৪৪৬১ |
| ৪২. | শিল্প মন্ত্রণালয় | বেগম সাজিয়া আফরোজ<br>সিনিয়র সহকারী সচিব (বাজেট-১৭)<br>ফোনঃ ২২২৩৩৫৪৩০৬ | জনাব মোঃ তারিকুল ইসলাম খান<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৫)<br>ফোনঃ ৯৫১৪৪৬১ |
| ৪৩. | বিদ্যুৎ বিভাগ | বেগম সুহানা ইসলাম<br>উপসচিব (বাজেট-১৮)<br>ফোনঃ ২২২৩৩৮৯৭১৫ | জনাব মোহাম্মদ জাকির হোসেন<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৬)<br>ফোনঃ ৯৫১১০৪৯ |
| ৪৪. | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | বেগম সুহানা ইসলাম<br>উপসচিব (বাজেট-১৮)<br>ফোনঃ ২২২৩৩৮৯৭১৫ | জনাব মোহাম্মদ জাকির হোসেন<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৬)<br>ফোনঃ ৯৫১১০৪৯ |
| ৪৫. | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | বেগম ইশরাত জাবিন<br>উপসচিব (বাজেট-১৯)<br>ফোনঃ ২২২৩৩৮৯৭৫৩ | জনাব মোহাম্মদ জাকির হোসেন<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৬)<br>ফোনঃ ৯৫১১০৪৯ |
| ৪৬. | সেতু বিভাগ | বেগম ইশরাত জাবিন<br>উপসচিব (বাজেট-১৯)<br>ফোনঃ ২২২৩৩৮৯৭৫৩ | জনাব মোহাম্মদ জাকির হোসেন<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৬)<br>ফোনঃ ৯৫১১০৪৯ |
| ৪৭. | নৌ-পরিবহন মন্ত্রণালয় | জনাব দেবাংশু কুমার সিংহ<br>উপসচিব (বাজেট-২০)<br>ফোনঃ ২২২৩৩৫৪৩০৮ | জনাব মোহাম্মদ জাকির হোসেন<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৬)<br>ফোনঃ ৯৫১১০৪৯ |
| ৪৮. | রেলপথ মন্ত্রণালয় | জনাব দেবাংশু কুমার সিংহ<br>উপসচিব (বাজেট-২০)<br>ফোনঃ ২২২৩৩৫৪৩০৮ | জনাব মোহাম্মদ জাকির হোসেন<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৬)<br>ফোনঃ ৯৫১১০৪৯ |
| ৪৯. | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | ড. মোহাম্মদ জসিম উদ্দিন<br>উপসচিব (বাজেট-২১)<br>ফোনঃ ৯৫৬৫১৮৪ | জনাব মুহাম্মদ আবুল কাসেম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৭)<br>ফোনঃ ২২৩৩৫৬০২১ |
| ৫০. | ভূমি মন্ত্রণালয় | ড. মোহাম্মদ জসিম উদ্দিন<br>উপসচিব (বাজেট-২১)<br>ফোনঃ ৯৫৬৫১৮৪ | জনাব মুহাম্মদ আবুল কাসেম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৭)<br>ফোনঃ ২২৩৩৫৬০২১ |
| ৫১. | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | বেগম শামীম বানু শান্তি<br>উপসচিব (বাজেট-২২)<br>ফোনঃ ২২৩৩৮৮৮২১ | জনাব মুহাম্মদ আবুল কাসেম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৭)<br>ফোনঃ ২২৩৩৫৬০২১ |
| ৫২. | পানি সম্পদ মন্ত্রণালয় | বেগম শামীম বানু শান্তি<br>উপসচিব (বাজেট-২২)<br>ফোনঃ ২২৩৩৮৮৮২১ | জনাব মুহাম্মদ আবুল কাসেম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৭)<br>ফোনঃ ২২৩৩৫৬০২১ |
| ৫৩. | কৃষি মন্ত্রণালয় | জনাব মোহাম্মদ ইকবাল হোসেন<br>উপসচিব (বাজেট-২৩)<br>ফোনঃ ৯৫৫৪৫১১ | জনাব মুহাম্মদ আবুল কাসেম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৭)<br>ফোনঃ ২২৩৩৫৬০২১ |
| ৫৪. | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | জনাব মোহাম্মদ ইকবাল হোসেন<br>উপসচিব (বাজেট-২৩)<br>ফোনঃ ৯৫৫৪৫১১ | জনাব মুহাম্মদ আবুল কাসেম<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৭)<br>ফোনঃ ২২৩৩৫৬০২১ |
| ৫৫. | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | জনাব ফারুক আহাম্মেদ<br>উপসচিব (বাজেট-২৪)<br>ফোনঃ ৯৫১৪৪১৮ | বেগম উর্মি তামান্না<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৮)<br>ফোনঃ ৯৫১৪৪১৭ |
| ৫৬. | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | জনাব ফারুক আহাম্মেদ<br>উপসচিব (বাজেট-২৪)<br>ফোনঃ ৯৫১৪৪১৮ | বেগম উর্মি তামান্না<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৮)<br>ফোনঃ ৯৫১৪৪১৭ |
| ৫৭. | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | জনাব মো: সায়েমুর রশিদ খান<br>উপসচিব (বাজেট-২৫)<br>ফোনঃ ৯৫১৪৪১৯ | বেগম উর্মি তামান্না<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৮)<br>ফোনঃ ৯৫১৪৪১৭ |

| ক্রমিক নং | মন্ত্রণালয়/বিভাগ | বাজেট সংশ্লিষ্ট কর্মকর্তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর | |
|---|---|---|---|
| ৫৮. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | জনাব মো: সায়েমুর রশিদ খান<br>উপসচিব (বাজেট-২৫)<br>ফোনঃ ৯৫১৪৪১৯ | বেগম উর্মি তামান্না<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৮)<br>ফোনঃ ৯৫১৪৪১৭ |
| ৫৯. | পরিকল্পনা বিভাগ | জনাব মো. মিজানুর রহমান<br>সিনিয়র সহকারী সচিব (বাজেট-২৬)<br>ফোনঃ ৯৫৪০২৮৫ | বেগম উর্মি তামান্না<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৮)<br>ফোনঃ ৯৫১৪৪১৭ |
| ৬০. | বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | জনাব মো. মিজানুর রহমান<br>সিনিয়র সহকারী সচিব (বাজেট-২৬)<br>ফোনঃ ৯৫৪০২৮৫ | বেগম উর্মি তামান্না<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৮)<br>ফোনঃ ৯৫১৪৪১৭ |
| ৬১. | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | জনাব মো. মিজানুর রহমান<br>সিনিয়র সহকারী সচিব (বাজেট-২৬)<br>ফোনঃ ৯৫৪০২৮৫ | বেগম উর্মি তামান্না<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৮)<br>ফোনঃ ৯৫১৪৪১৭ |

* **জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান, যুগ্মসচিব (বাজেট-১ অধিশাখা)** বাজেট সংশ্লিষ্ট কর্মকর্তাগণের **সমন্বয়কারী (Coordinator)** হিসেবে দায়িত্ব পালন করবেন এবং কোন বিষয়ে স্পষ্টীকরণ/সহায়তার প্রয়োজন হলে তাঁর অধিশাখার আওতাভুক্ত মন্ত্রণালয়/বিভাগসমূহ ছাড়াও যে কোন মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহ কর্তৃক তাঁর সাথে যোগাযোগ করা যেতে পারে।

ফরম-৭

# রাজস্ব ও প্রাপ্তির সংশোধিত প্রাক্কলন

মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান : ..... অধিদপ্তর/পরিদপ্তর : .....

অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপ : ..... পরিচালন ইউনিট : .....

| অর্থনৈতিক কোডভিত্তিক বিভাজন | রাজস্ব ও প্রাপ্তি (হাজার টাকায়) | | | | | | | হ্রাস/বৃদ্ধির কারণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | প্রকৃত | | | | | বাজেট | প্রস্তাবিত সংশোধিত | |
| | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ১ম ৬ মাস | | ১ম ৪ মাস | ২০২৬-২৭ | ২০২৬-২৭ | |
| | | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১৪ – অন্যান্য রাজস্ব | | | | | | | | |
| ১৪২২৩২৬ – পরীক্ষা ফি | | | | | | | | |
| ১৪২২৩২৮ – দরপত্র দলিল ফি | | | | | | | | |
| ১৪২৩২০৪ – সরকারি যানবাহন ব্যবহার ফি | | | | | | | | |
| ১৪৪১২৯৯ – অন্যান্য আদায় | | | | | | | | |
| *উপমোট: রাজস্ব (ক)* | | | | | | | | |
| ২১ – অআর্থিক সম্পদ বিক্রি | | | | | | | | |
| ২১১২১০১ – মোটরযান | | | | | | | | |
| ২১১২৩১৩ – আসবাবপত্র | | | | | | | | |
| *উপমোট: মূলধন প্রাপ্তি (খ)* | | | | | | | | |
| *মোট : [ক+খ]* | | | | | | | | |

ব্যাখ্যা : ১। অন্যান্য রাজস্ব বলতে কর বহির্ভূত অন্যান্য উৎস, যেমন: লভ্যাংশ, ফি, ইজারা, ভাড়া, চার্জ, টেন্ডার বিক্রি, অন্যান্য অস্থাবর সম্পত্তি বিক্রি ইত্যাদি হতে প্রাপ্ত রাজস্ব বুঝায়;

২। অআর্থিক সম্পদ বিক্রি বলতে স্থাবর সম্পত্তি, যানবাহন, বিভিন্ন স্থাপনা ও স্থায়ী সম্পদ, খাদ্যদ্রব্য, প্রাকৃতিক সম্পদ, মেধা সম্পদ, শিল্পকর্ম ইত্যাদি বিক্রি হতে প্রাপ্তি বুঝায়;

*বি.দ্র. পূর্ববর্তী অর্থবছরের অতিরিক্ত গৃহীত অর্থ ফেরত প্রদানের ক্ষেত্রে শুধুমাত্র অর্থবিভাগের অনুকূলে চালানের মাধ্যমে '১৪৪১২০২ – পূর্ববর্তী বছরের অতিরিক্ত গৃহীত অর্থ ফেরত'- এই কোডে অর্থ জমা প্রদান করতে হবে। তবে এটি প্রতিষ্ঠানের প্রাপ্তি হিসাবে অন্তর্ভুক্ত হবে না।*

ফরম-৮ (ক-১)

# পরিচালন ব্যয়ের সাধারণ/বিশেষ কার্যক্রমের সংশোধিত প্রাক্কলন

মন্ত্রণালয়/বিভাগ : ..... অধিদপ্তর/পরিদপ্তর : .....

অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপ : ..... পরিচালন ইউনিট/টাস্কের নাম: .....

| অর্থনৈতিক কোডভিত্তিক বিভাজন | ব্যয় (হাজার টাকায়) | | | | | | | হ্রাস/বৃদ্ধির কারণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | প্রকৃত | | | | | বাজেট | প্রস্তাবিত সংশোধিত | |
| | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ১ম ৬ মাস | | ১ম ৪ মাস | ২০২৬-২৭ | ২০২৬-২৭ | |
| | | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ৩১ – কর্মচারীদের প্রতিদান | | | | | | | | |
| ৩১১১১০১ – মূল বেতন (অফিসার) | | | | | | | | |
| ৩১১১২০১ – মূল বেতন (কর্মচারী) | | | | | | | | |
| ৩২ – পণ্য ও সেবার ব্যবহার | | | | | | | | |
| ৩২১১১৩০ – যাতায়াত ব্যয় | | | | | | | | |
| ৩২১১১২৯ – অফিস ভবন ভাড়া | | | | | | | | |
| ৩২৫৮১০৬ – আবাসিক ভবন | | | | | | | | |
| ৩৫ – ভর্তুকি | | | | | | | | |
| ৩৫১১১০৩ – খাদ্য ভর্তুকি | | | | | | | | |
| ৩৬ – অনুদান | | | | | | | | |
| ৩৬৩১১০১ – বেতন বাবদ সহায়তা | | | | | | | | |
| ৩৭ – সামাজিক সুবিধাদি | | | | | | | | |
| ৩৭২১১০১ – ত্রাণ কার্য (নগদ) | | | | | | | | |
| ৩৮ – অন্যান্য ব্যয় | | | | | | | | |
| ৩৮২১১০৩ – পৌর কর | | | | | | | | |
| ৩৯ – সংরক্ষিত তহবিল | | | | | | | | |
| ৩৯১১১১১ – সাধারণ থোক বরাদ্দ | | | | | | | | |
| *উপমোট: আবর্তক ব্যয় (ক)* | | | | | | | | |
| ৪১ – অআর্থিক সম্পদ | | | | | | | | |
| ৪১১১১০১ – আবাসিক ভবন | | | | | | | | |
| ৪১১২১০১ – মোটরযান | | | | | | | | |
| *উপমোট: মূলধন ব্যয় (খ)* | | | | | | | | |
| ৭২ – আর্থিক সম্পদ | | | | | | | | |
| ৭২১৫১০১ – গৃহনির্মাণ ঋণ | | | | | | | | |
| ৭২১৫১০২ – কম্পিউটার ঋণ | | | | | | | | |
| *উপমোট: আর্থিক সম্পদ (গ)* | | | | | | | | |
| মোট (ক+খ+গ) | | | | | | | | |

১১ **সাধারণ কার্যক্রম** বলতে সরকারের সাধারণ ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনায় বাজেট বরাদ্দ বুঝায়; যেমন: বেতন-ভাতা, সরবরাহ সেবা, সম্পদ ইত্যাদি বাবদ বরাদ্দ। সকল সরকারি প্রাতিষ্ঠানিক ইউনিটের সাধারণ ও প্রশাসনিক কার্যক্রম ব্যয় বাবদ বাজেট বরাদ্দ এর অন্তর্ভুক্ত;

১২ **বিশেষ কার্যক্রম** বলতে সুনির্দিষ্ট কোন কাজ বাস্তবায়নে বাজেট বরাদ্দ বুঝায়, যা নিদিষ্ট সময়ভিত্তিক নয় এবং কোন স্কিম/প্রকল্প কিংবা প্রতিষ্ঠান প্রকৃতির নয়; তবে লেনদেন শুধুমাত্র নির্দিষ্ট কার্যক্রমভিত্তিক এককালীন/আবর্তক প্রকৃতির এবং এক বা একাধিক অর্থনৈতিক কোড বিশিষ্ট হতে পারে। যেমন: শিক্ষা সপ্তাহ, অসচ্ছল প্রতিবন্ধীদের জন্য ভাতা ইত্যাদি। বিশেষ কার্যক্রমের আওতায় সুনির্দিষ্ট টাস্ক পরিচালনায় ক্ষেত্রে যাবতীয় ব্যয়ের লক্ষ্যে বাজেট বরাদ্দ এর অন্তর্ভুক্ত।

অর্থনৈতিক কোডের ব্যাখ্যা :

১। **কর্মচারীদের প্রতিদান** [মূল বেতন (অফিসার/কর্মচারী), যাতায়াত ভাতা, শিক্ষা ভাতা, বাড়ি ভাড়া ভাতা ইত্যাদি এর আওতাভুক্ত];

২। **পণ্য ও সেবার ব্যবহার** (পুরস্কার, পরিষ্কার পরিচ্ছন্নতা সামগ্রি, আপ্যায়ন ব্যয় ইত্যাদি এর আওতাভুক্ত);

৩। **অন্যান্য ব্যয়** ( উন্নয়ন কর, পৌরকর, আদালতের রায় অনুযায়ী পরিশোধ এবং বিভিন্ন প্রকার মঞ্জুরি-এর আওতাভুক্ত);

৫। **অআর্থিক সম্পদ** বলতে স্থাবর সম্পত্তি, যানবাহন, বিভিন্ন স্থাপনা ও স্থায়ী সম্পদ, খাদ্যদ্রব্য, প্রাকৃতিক সম্পদ, মেধা সম্পদ, শিল্পকর্ম ইত্যাদি ক্রয় বুঝায়; এবং

৬। **আর্থিক সম্পদ** বলতে শেয়ার, ডিভেঞ্চার ও বন্ড বিক্রি এবং সরকার প্রদত্ত ঋণের অর্থ আদায় বুঝায়।

ফরম-৮ (ক-২)

# পরিচালন ব্যয়ের সহায়তা/স্থানীয় সরকারসমূহে স্থানান্তর কার্যক্রমের সংশোধিত প্রাক্কলন

মন্ত্রণালয়/বিভাগ : ..... অধিদপ্তর/পরিদপ্তর : .....

অধস্তন দপ্তর : ..... স্বায়ত্তশাসিত সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান: .....

| অর্থনৈতিক কোডভিত্তিক বিভাজন | ব্যয় (হাজার টাকায়) | | | | | | | | | | হ্রাস/বৃদ্ধির কারণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | প্রকৃত | | | | | | বাজেট | | প্রস্তাবিত সংশোধিত | | |
| | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ১ম ৬ মাস | | ১ম ৪ মাস | | ২০২৬-২৭ | | ২০২৬-২৭ | | |
| | | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | | মোট | জিওবি | মোট | জিওবি | |
| | | | | | মোট | জিওবি | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ৩১ – কর্মচারীদের প্রতিদান | | | | | | | | | | | |
| ৩১১১১০১ – মূল বেতন (অফিসার) | | | | | | | | | | | |
| ৩১১১২০১ – মূল বেতন (কর্মচারী) | | | | | | | | | | | |
| ৩২ – পণ্য ও সেবার ব্যবহার | | | | | | | | | | | |
| ৩২১১১২৯ – অফিস ভবন ভাড়া | | | | | | | | | | | |
| ৩২১১১১৩ – বিদ্যুৎ | | | | | | | | | | | |
| ৩২৫৮১০৬ – আবাসিক ভবন | | | | | | | | | | | |
| ৩৮ – অন্যান্য ব্যয় | | | | | | | | | | | |
| ৩৮২১১০৩ – পৌর কর | | | | | | | | | | | |
| *উপমোট: আবর্তক ব্যয় (ক)* | | | | | | | | | | | |
| ৪১ – অআর্থিক সম্পদ | | | | | | | | | | | |
| ৪১১১১০১ – আবাসিক ভবন | | | | | | | | | | | |
| ৪১১২১০১ – মোটরযান | | | | | | | | | | | |
| ৪১১২৩১৪ – আসবাবপত্র | | | | | | | | | | | |
| *উপমোট: মূলধন ব্যয় (খ)* | | | | | | | | | | | |
| ৭২ – আর্থিক সম্পদ | | | | | | | | | | | |
| ৭২১৫২০১ – স্বায়ত্বশাসিত সংস্থাকে প্রদত্ত ঋণ | | | | | | | | | | | |
| *উপমোট: আর্থিক সম্পদ (গ)* | | | | | | | | | | | |
| মোট (ক+খ+গ) | | | | | | | | | | | |
| সহায়তা হিসেবে প্রাপ্য বাজেট | | | | | | | | | | | |
| ৩৬ - অনুদান | | | | | | | | | | | |
| ৩৬৩১১০১ – বেতন বাবদ সহায়তা | | | | | | | | | | | |
| ৩৬৩১১০২ – ভাতাদি বাবদ সহায়তা | | | | | | | | | | | |
| ৩৬৩১১০৩ – পণ্য ও সেবা বাবদ সহায়তা | | | | | | | | | | | |
| ৩৬৩১১০৭ – বিশেষ অনুদান | | | | | | | | | | | |
| *মোট সহায়তা অনুদান :* | | | | | | | | | | | |

** স্বায়ত্বশাসিত সংস্থার ক্ষেত্রে মোট বাজেট থেকে নিজস্ব আয় বিয়োগ করতে হবে। তবে স্থানীয় সরকারসমূহের ক্ষেত্রে নিজস্ব আয় বিয়োগের প্রয়োজন নেই।*

ব্যাখ্যা:

**সহায়তা কার্যক্রম** বলতে নিম্নোক্ত ধরনের প্রতিষ্ঠান/সংস্থা-কে প্রদত্ত অনুদান, ইক্যুইটি অথবা ঋণকে বুঝায় -

- বাজেট বহির্ভূত সরকারি প্রতিষ্ঠান (স্বায়ত্তশাসিত), যেমন: পানি উন্নয়ন বোর্ড, জাতীয় যাদুঘর, তথ্য কমিশন ইত্যাদি;
- বাজেট বহির্ভূত তহবিল, যেমন: রপ্তানি উন্নয়ন তহবিল, সম-মূলধন উন্নয়ন তহবিল-কৃষি, ইত্যাদি;
- সরকারি অ-আর্থিক প্রতিষ্ঠান (রাষ্ট্রায়ত্ত), যেমন: টেলিটক বাংলাদেশ, ঢাকা ওয়াসা, ইত্যাদি;
- সরকারি আর্থিক প্রতিষ্ঠান, যেমন: অগ্রণী ব্যাংক, সাধারণ বীমা কর্পোরেশন, ইত্যাদি;
- বেসরকারি প্রতিষ্ঠান, যেমন: প্রতিবন্ধী ফাউন্ডেশন, মুক্তিযুদ্ধ স্মৃতি যাদুঘর, ইত্যাদি;

**স্থানীয় সরকারসমূহে স্থানান্তর** বলতে বর্তমানে বিদ্যমান ০৭ (সাত) ধরনের স্থানীয় সরকার প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত অনুদান ও ঋণ হিসেবে অর্থ প্রদানকে বুঝায়;
[যেমন: ঢাকা সিটি কর্পোরেশন; টেকনাফ পৌরসভা, কক্সবাজার; নান্দাইল উপজেলা পরিষদ, ময়মনসিংহ]

ফরম-৮ (খ-১)

# উন্নয়ন ব্যয়ের সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত এডিপি বহির্ভূত/এডিপিভুক্ত স্কিম/প্রকল্পের সংশোধিত প্রাক্কলন

(সচিবালয়/অধিদপ্তর/পরিদপ্তরের অধীন স্কিম/প্রকল্পের জন্য)

মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান : ..... অধিদপ্তর/পরিদপ্তর : .....

স্কিম/প্রকল্পের নাম : ..... তহবিলের উৎস : .....

| অর্থনৈতিক কোডভিত্তিক বিভাজন | ব্যয় (হাজার টাকায়) | | | | | | | | | | | | | | হ্রাস/বৃদ্ধির কারণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | প্রকৃত | | | বাজেট | | | | | | প্রস্তাবিত সংশোধিত | | | | | |
| | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ১ম ৪ মাস | অক্টোবরর, ২০২৬ পর্যন্ত ক্রমপুঞ্জীভূত | জিওবি | আরপিএল/ জি (জিওবি) | আরপিএল/ জি (বিশেষ) | ডিপিএল | মোট | জিওবি | আরপিএল/ জি (জিওবি) | আরপিএল/ জি (বিশেষ) | ডিপিএল | মোট | |
| | | | ২০২৬-২৭ | | ২০২৬-২৭ | | | | | ২০২৬-২৭ | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| ৩১ – কর্মচারীদের প্রতিদান * | | | | | | | | | | | | | | | |
| ৩১১১১০১ – মূল বেতন (অফিসার) | | | | | | | | | | | | | | | |
| ৩১১১২০১ – মূল বেতন (কর্মচারী) | | | | | | | | | | | | | | | |
| ৩১১১৩৩২ – সম্মানী ভাতা | | | | | | | | | | | | | | | |
| ৩২ – পণ্য ও সেবার ব্যবহার | | | | | | | | | | | | | | | |
| ৩২১১১০৯ – সাকুল্য বেতন (সরকারি কর্মচারী ব্যতীত) | | | | | | | | | | | | | | | |
| ৩২১১১৩১ – আউটসোর্সিং | | | | | | | | | | | | | | | |
| ৩২১১১৩৪ – শ্রমিক (অনিয়মিত) মজুরি | | | | | | | | | | | | | | | |
| ৩২১১১০৭ – যানবাহন ব্যবহার ( চুক্তিভিত্তিক) | | | | | | | | | | | | | | | |
| ৩২৪৩১০১ – পেট্রোল, ওয়েল এন্ড লুব্রিকেন্ট | | | | | | | | | | | | | | | |
| ৩২৫৫১০৫ – অন্যান্য মণিহারি | | | | | | | | | | | | | | | |
| ৩২৫৭১০১ – কনসালটেন্সি | | | | | | | | | | | | | | | |
| ৩২৫৭২০৬ – সম্মানী | | | | | | | | | | | | | | | |
| ৩৮ – অন্যান্য ব্যয় | | | | | | | | | | | | | | | |
| ৩৮২১১১৬ – বিমা | | | | | | | | | | | | | | | |
| *উপমোট: আবর্তক ব্যয় (ক)* | | | | | | | | | | | | | | | |
| *৪১ – অআর্থিক সম্পদ* | | | | | | | | | | | | | | | |

| অর্থনৈতিক কোডভিত্তিক বিভাজন | ব্যয় (হাজার টাকায়) | | | | | | | | | | | | | | হ্রাস/বৃদ্ধির কারণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | প্রকৃত | | | | বাজেট | | | | | প্রস্তাবিত সংশোধিত | | | | | |
| | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ১ম ৪ মাস | অক্টোবরর, ২০২৬ পর্যন্ত ক্রমপুঞ্জীভূত | জিওবি | আরপিএল/ জি (জিওবি) | আরপিএল/ জি (বিশেষ) | ডিপিএল | মোট | জিওবি | আরপিএল/ জি (জিওবি) | আরপিএল/ জি (বিশেষ) | ডিপিএল | মোট | |
| | | | ২০২৬-২৭ | | ২০২৬-২৭ | | | | | ২০২৬-২৭ | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| ৪১১২৩১০ – অফিস সরঞ্জামাদি | | | | | | | | | | | | | | | |
| *উপমোট: মূলধন ব্যয় (খ)* | | | | | | | | | | | | | | | |
| *মোট (ক+খ)* | | | | | | | | | | | | | | | |
| স্বায়ত্তশাসিত সংস্থার প্রকল্পের ক্ষেত্রে প্রাপ্যবাজেট | | | | | | | | | | | | | | | |
| ৩৮ – অন্যান্য ব্যয় | | | | | | | | | | | | | | | |
| ৩৮২৩১০১ – প্রকল্প আবর্তক ব্যয় | | | | | | | | | | | | | | | |
| ৪২ – প্রকল্প মূলধন ব্যয় | | | | | | | | | | | | | | | |
| ৪২১১১০১ – প্রকল্প মূলধন ব্যয় | | | | | | | | | | | | | | | |
| মোট : | | | | | | | | | | | | | | | |

ব্যাখ্যা:

বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বলতে পরিকল্পনা কমিশনের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত সমীক্ষা,কারিগরি ও বিনিয়োগ প্রকল্পসমূহকে বুঝায়;*[যেমন: ডিজিটাল প্রাথমিক শিক্ষা প্রকল্প]*

* শুধুমাত্র প্রেষণে কর্মরত স্থায়ী সরকারি কর্মচারীদের জন্য প্রযোজ্য।

বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বহির্ভূত বলতে কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচি/বিশেষ কর্মসূচি/স্কিম–কে বুঝায়, যা পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত এডিপির অন্তর্ভুক্ত নয়। এডিপি বর্হিভূত কর্মসূচি/স্কিম সাধারণত অর্থবিভাগ কর্তৃক অনুমোদিত হয়ে থাকে।

*[যেমন: বিশেষ কর্মসূচি - আরবান বিল্ডিং সেফটি প্রজেক্ট, স্কিম -, নারী ও শিশুর স্বাস্থ্য উন্নয়নের শিক্ষা বিষয়ক কর্মসূচি]*

প্রকল্পের জনবলের ক্ষেত্রে বেতনভাতা নিম্নোক্ত কোডেসমূহে বরাদ্দ দিতে হবে

- প্রেষণে কর্মরত সরকারি কর্মচারীদের ক্ষেত্রে অর্থনৈতিক কোড ৩১ – কর্মচারীদের প্রতিদান
- দৈনিক ভিত্তিতে শ্রমিক নিয়োগের ক্ষেত্রে : ৩২১১১৩৪ – শ্রমিক (অনিয়মিত) মজুরি
- আউটসোর্সিং-এর জনবলের ক্ষেত্রে : ৩২১১১৩১ – আউটসোর্সিং কোড

বিশেষ দ্রষ্টব্য:

*প্রেষণে কর্মরতদের ব্যতীত অন্য কোন ক্ষেত্রে কোন ক্রমেই ৩১ – কর্মচারীদের প্রতিদান কোডে কোন বরাদ্দ রাখা যাবে না।*

- স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের ক্ষেত্রে বিস্তারিতভাবে অর্থনৈতিক কোডে বাজেট বরাদ্দ প্রদর্শন করতে হবে।

ফরম-৮ (খ-২)

# উন্নয়ন ব্যয়ের এডিপি বহির্ভূত/এডিপিভুক্ত রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহের অধীন স্কিম/প্রকল্পের সংশোধিত প্রাক্কলন

মন্ত্রণালয় / বিভাগ : ..... রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান : .....

প্রকল্পের নাম: ..... তহবিলের উৎস : .....

| অর্থনৈতিক কোডভিত্তিক বিভাজন | ব্যয় (হাজার টাকায়) | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | প্রকৃত | | | | বাজেট | | | | | | | | | | প্রস্তাবিত সংশোধিত | | | | | | | | | |
| | | | | | জিওবি | | | | আরপিএল/জি (জিওবি) | | | | আরপি এল/জি (বিশেষ) | ডিপিএল | জিওবি | | | | আরপিএল/জি (জিওবি) | | | | আরপি এল/জি (বিশেষ) | ডিপিএল |
| | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ১ম ৪ মাস | অক্টোবর, ২০২৬ পর্যন্ত ক্রমপুঞ্জীভূত | ইক্যুইটি | ঋণ | অনুদান | মোট | ইক্যুইটি | ঋণ | অনুদান | মোট | | | ইক্যুইটি | ঋণ | অনুদান | মোট | ইক্যুইটি | ঋণ | অনুদান | মোট | | |
| | | | ২০২৬-২৭ | | ২০২৬-২৭ | | | | | | | | | | ২০২৬-২৭ | | | | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ |
| ৩২ – পণ্য ও সেবার ব্যবহার | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৩২১১১০৭ – যানবাহন ব্যবহার (চুক্তিভিত্তিক) | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৩২১১১৩১ – আউটসোর্সিং | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৩২১১১৩৪ – শ্রমিক (অনিয়মিত) মজুরি | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| *উপমোট: আবর্তক ব্যয় (ক)* | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৪১ – অআর্থিক সম্পদ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৪১১২৩১০ - অফিস সরঞ্জামাদি | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৪১১১৩০২ - সড়ক ও মহাসড়ক | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৪১১১৩১২ - টেলিযোগাযোগ স্থাপনা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৪১১১৩১৭ – অন্যান্য ভবন ও স্থাপনা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৪১১২২০৪ – টেলিযোগাযোগ সরঞ্জামাদি | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৪১১২৩০৪ - প্রকৌশল ও অন্যান্য সরঞ্জামাদি | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| *উপমোট: অআর্থিক সম্পদ (খ)* | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৪২ – প্রকল্প মূলধন ব্যয় | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৪২১১১০১ - প্রকল্প মূলধন ব্যয় | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| *উপমোট: মূলধন ব্যয় (গ)* | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট (ক+খ+গ) | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

ব্যাখ্যা:

মূলধন সৃষ্টির (Capital Formation) লক্ষ্যে রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহের প্রকল্পের জন্য প্রদত্ত ৭২১৫২০২-উন্নয়ন ঋণ ও ৭২১৬১০১-শেয়ার মূলধন – এই দু'টি অর্থনৈতিক কোডের বিপরীতে বরাদ্দ কিংবা ৩৬৩২১০১ - প্রকল্প অনুদান হিসেবে প্রদত্ত বরাদ্দ বাজেটে প্রদর্শনের ক্ষেত্রে বিস্তারিত অর্থনৈতিক কোডভিত্তিক এন্ট্রি করতে হবে।

প্রকল্পের জনবলের ক্ষেত্রে বেতনভাতা নিম্নোক্ত কোডেসমূহে বরাদ্দ দিতে হবে

- প্রেষণে কর্মরত সরকারি কর্মচারীদের ক্ষেত্রে অর্থনৈতিক কোড ৩১ – কর্মচারীদের প্রতিদান
- দৈনিক ভিত্তিতে শ্রমিক নিয়োগের ক্ষেত্রে : ৩২১১১৩৪ – শ্রমিক (অনিয়মিত) মজুরি
- আউটসোর্সিং-এর জনবলের ক্ষেত্রে : ৩২১১১৩১ – আউটসোর্সিং কোড

বিশেষ দ্রষ্টব্য:

*প্রেষণে কর্মরতদের ব্যতীত অন্য কোন ক্ষেত্রে কোন ক্রমেই ৩১ – কর্মচারীদের প্রতিদান কোডে কোন বরাদ্দ রাখা যাবে না।*

- *স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের ক্ষেত্রে বিস্তারিতভাবে অর্থনৈতিক* কোডে বাজেট বরাদ্দ প্রদর্শন করতে হবে।